৫৭

১৫২

তারিখ .. 3-1-JAN 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম .. ৪ ...

আজকের কাগজ

# নিউ মডেল ডিগ্রী কলেজে বন্দুকযুদ্ধ

**কাগজ প্রতিবেদক :** গতকাল ঢাকার নিউ মডেল ডিগ্রী কলেজে ছাত্রদল-ছাত্রলীগের মধ্যে এক বন্দুক যুদ্ধে ৩ জন ছাত্র গুলিবিদ্ধ হয়েছে। গুলিবিদ্ধ তিনজনই ছাত্রলীগ (ম-ই) কর্মী। আহতরা হলো- আসাদুজ্জামান, বাবুল ও বৃষ্টি।

ছাত্রলীগ (ম-ই) অভিযোগ করেছে যে, ছাত্রদলের ২০/২৫ জনের একদল সশস্ত্র কর্মী ছাত্রলীগ মিছিলের ওপর গুলিবর্ষণ করে। ক্যাম্পাসসূত্রে জানা গেছে, ছাত্রদলের সশস্ত্র কর্মীরা দুপুর পৌনে ১টার দিকে ছাত্রলীগের মিছিল লক্ষ্য করে গুলিবর্ষণ করে। ছাত্রলীগ কর্মীরা দৌড়ে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে পালিয়ে গেলে তারা ৩২ নম্বরে ঢুকে গুলি করে বলে জানা গেছে। সশস্ত্র তরুণরা ২০ টি বোমার বিস্ফোরণ ঘটায় এবং কমপক্ষে ২৫ রাউন্ড গুলিবর্ষণ করে। এ সময় কলেজ ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আশপাশে পুলিশ থাকলেও তারা দর্শকের ভূমিকায় ছিলো। এ ব্যাপারে ছাত্রলীগের পক্ষ থেকে ছাত্রদল নিউ মডেল ডিগ্রী কলেজ শাখার সভাপতি সোহেল ও সাধারণ সম্পাদক সজলসহ ৭ জনকে দায়ী করে ধানমন্ডি থানায় মামলা করা হয়েছে। ছাত্রলীগ ঢাকা মহানগর দক্ষিণ শাখার সভাপতি শফিকুর রহমান ও সাধারণ সম্পাদক আখতার হোসেন এক বিবৃতিতে এ হামলার নিন্দা করেন।